



ಕರ್ನಾಟಕ ಸರ್ಕಾರ, ಶಿಕ್ಷಣ  
ಕರ್ನಾಟಕ ಸರ್ಕಾರದ ಸರ್ಕಾರಿ ಶಿಕ್ಷಣ ಇಲಾಖೆ

**Job Category:** Teaching/Academics

**Job Source:** ಸರ್ಕಾರಿ ನೌಕರರು

## Job Summary

**Posted On:** 14 Jan 2025

**Application Deadline:** 28 Jan 2025



# মিরপুর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ

মিরপুর সেনানিবাস, ঢাকা-১২১৬

## নিয়োগ বিজ্ঞপ্তি

সরকারি বিধি মোতাবেক নিম্নোক্ত পদসমূহে নিয়োগের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে অনলাইনে আবেদন আহ্বান করা যাচ্ছে :

ক্রমিক নং	পদের নাম ও বিষয়	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	বেতন স্কেল ও গ্রেড (জাতীয় বেতন স্কেল ২০১৫)
০১	সহকারী শিক্ষক (স্থায়ী পদ): সহকারী শিক্ষক (ইসলাম ধর্ম- বাংলা ভাষা)	০১টি	(১) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ইসলাম শিক্ষা/আরবিতে স্নাতক/ফাজিল/সমমান ডিগ্রি ও বিএড ডিগ্রি/সমমান অথবা, ইসলাম শিক্ষা/ আরবিতে স্নাতকোত্তর ডিগ্রি/কামিল/সমমান ডিগ্রি (২) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ইসলাম শিক্ষা/আরবিতে স্নাতক/ফাজিল/সমমান ডিগ্রি।	১. গ্রেড-১০ ১৬০০০-৩৮৬৪০/- ২. গ্রেড-১১ ১২৫০০-৩০২৩০/-
০২	খণ্ডকালীন শিক্ষক (ইংরেজি) ৬ মাসের জন্য	০১টি	(১) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক পর্যায়ে ৩০০ (তিনশত) নম্বরের ইংরেজিসহ স্নাতক ডিগ্রি/সমমান ও বিএড ডিগ্রি/সমমান। অথবা, (২) স্নাতক পর্যায়ে ৩০০ (তিনশত) নম্বরের ইংরেজিসহ স্নাতক ডিগ্রি/সমমান।	সর্বসাকুল্যে বেতন আলোচনা সাপেক্ষে
০৩	খণ্ডকালীন শিক্ষক (কৃষি শিক্ষা-বাংলা ভাষা) ৬ মাসের জন্য	০১টি	(১) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে নিম্নের যে কোনো ডিগ্রি/সমমান থাকতে হবে। বিএসসি (পাস/সম্মান) কৃষি/কৃষি অর্থনীতি/মৎস্য/পশুপালন/কৃষি প্রকৌশল /উদ্ভিদবিদ্যা/প্রাণীবিদ্যা/ মৃত্তিকাবিজ্ঞান/ডিভিএম। অথবা, কৃষি ডিপ্লোমা/সমমান। (২) ইংরেজি ভাষার ক্ষেত্রে এ লেভেল/ও লেভেল ধারীগণ অগ্রাধিকার পাবেন।	সর্বসাকুল্যে বেতন আলোচনা সাপেক্ষে
০৪	খণ্ডকালীন শিক্ষক (কৃষি শিক্ষা-ইংরেজি ভাষা) ৬ মাসের জন্য	০১টি	(১) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে নিম্নের যে কোনো ডিগ্রি/সমমান থাকতে হবে। বিএসসি (পাস/সম্মান) কৃষি/কৃষি অর্থনীতি/মৎস্য/পশুপালন/কৃষি প্রকৌশল /উদ্ভিদবিদ্যা/প্রাণীবিদ্যা/ মৃত্তিকাবিজ্ঞান/ডিভিএম। অথবা, কৃষি ডিপ্লোমা/সমমান। (২) ইংরেজি ভাষার ক্ষেত্রে এ লেভেল/ও লেভেল ধারীগণ অগ্রাধিকার পাবেন।	সর্বসাকুল্যে বেতন আলোচনা সাপেক্ষে

- ১। চাকুরির শর্ত ও অন্যান্য সুযোগ সুবিধা: ক্রমিক নং-১ এর ক্ষেত্রে প্রতিষ্ঠানের বিধি মোতাবেক জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুসারে মূল বেতনের সাথে বাড়ি ভাড়া, চিকিৎসা ভাতা, বিশেষ সুবিধা (মূল বেতনের ৫%), অতিরিক্ত দায়িত্বের ভাতা (শ্রেণি শিক্ষক, কোঅর্ডিনেটর, রুটিন কমিটি, শৃঙ্খলা কমিটি ভাতা ও অন্যান্য), বছরে দুইটি উৎসব ভাতা (মূল বেতনের ১০০%) এবং বৈশাখী ভাতা (মূল বেতনের ২০%) প্রদান করা হবে। এছাড়াও শিক্ষানবিশকাল শেষে মূল বেতনের সর্বোচ্চ ৩৫% পর্যন্ত উৎসাহ ভাতা, শিক্ষা সহায়ক ভাতা, গ্র্যাচুইটি ও ভবিষ্য তহবিলের সুবিধা প্রদান করা হবে। ক্রমিক নং- ০২, ০৩ ও ০৪ এর ক্ষেত্রে আলোচনা সাপেক্ষে সর্বসাকুল্যে বেতন নির্ধারণ করা হবে।
- ২। আবেদনের তারিখ ও বয়স: ১৫ জানুয়ারি ২০২৫ থেকে ২৮ জানুয়ারি ২০২৫ তারিখ দুপুর ১৪০০ ঘটিকা পর্যন্ত (অনলাইনের মাধ্যমে)। বয়স সর্বোচ্চ ৩৫ বছর।
- ৩। অভিজ্ঞতা/বিশেষ যোগ্যতা: বিএড/এমএড যোগ্য প্রার্থী, ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ বা ক্যান্টনমেন্ট ইংলিশ মিডিয়াম স্কুল ও কলেজ বা দেশের জেলা শহর পর্যায়ের স্বনামধন্য সরকারী স্কুল/কলেজ বা ক্যাডেট কলেজসমূহে চাকুরীর অভিজ্ঞতাসম্পন্ন ব্যক্তিদের অগ্রাধিকার দেওয়া হবে এবং সেক্ষেত্রে বয়স শিথিলযোগ্য।
- ৪। আবেদনের নিয়মাবলী: প্রার্থীকে অনলাইনে আবেদন করতে হবে, অনলাইন আবেদন ছাড়া গ্রহণ করা হবে না। এক্ষেত্রে সকল নিয়মাবলি প্রতিষ্ঠানের ওয়েবসাইট ([www.mcpsc.edu.bd](http://www.mcpsc.edu.bd)) থেকে জানা যাবে। আবেদনকারীকে ক্রমিক নং ০১ এর জন্য ৭০০ টাকা এবং ক্রমিক নং- ০২, ০৩ ও ০৪ এর জন্য ৬০০ টাকা অনলাইনে প্রদান করতে হবে।
- ৫। পরীক্ষা: লিখিত পরীক্ষার তারিখ ওয়েবসাইটে ([www.mcpsc.edu.bd](http://www.mcpsc.edu.bd)) এবং এসএমএসের মাধ্যমে প্রার্থীকে জানিয়ে দেওয়া হবে। প্রবেশপত্র অনলাইন থেকে ডাউনলোড করে রজিন প্রিন্ট কপি সঙ্গে নিয়ে আসতে হবে।
- ৬। শর্তাবলী: প্রার্থীদেরকে পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যেকোন আবেদন বাতিল কিংবা নিয়োগ কার্যক্রম পরিবর্তন, সংশোধন ও বাতিল করার অধিকার সংরক্ষণ করে।
- ৭। কোন ধরণের তদবীর, প্রার্থীর অযোগ্যতা বলে গণ্য করা হবে।

অধ্যক্ষ

মিরপুর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ

০১৭৬৯০২৮০৭৫